



## [একই স্মারক ও তারিখের বিকল্প আদেশ]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৩১.৩৩৩.২০২১.১৩৭৯

তারিখ: ১৬/১১/২০২১ খ্রি.


### সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহে ২০২২ শিক্ষাবর্ষে ভর্তি বিজ্ঞপ্তি

ঢাকা মহানগরীসহ সারাদেশের সকল সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে ২০২২ শিক্ষাবর্ষে বিভিন্ন শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি করা হবে। শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে বিদ্যালয় হতে কোনো ভর্তি ফরম বিতরণ করা হবে না। ভর্তির আবেদন শুধুমাত্র অন-লাইনে <http://gsa.teletalk.com.bd> এই ঠিকানায় পাওয়া যাবে। অন-লাইনে আবেদন গ্রহণের প্রক্রিয়া ২৫/১১/২০২১ খ্রি. সকাল ১১:০০ টা হতে শুরু হয়ে ০৮/১২/২০২১ খ্রি. বিকাল ০৫:০০ টা পর্যন্ত চলমান থাকবে। ২০২২ শিক্ষাবর্ষে ভর্তির আবেদন ফি ১১০/- (একশত দশ) টাকা নির্ধারণ করা হয়েছে যা শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল হতে SMS এর মাধ্যমে প্রদান করা যাবে।

উল্লেখ্য, ঢাকা মহানগরীর ৪৪ টি সরকারি মাধ্যমিক বিদ্যালয় (৩টি ফিডার শাখাসহ) ৩টি ভিন্ন গ্রুপে বিভক্ত থাকবে। আবেদনের সময় একজন প্রার্থী একই গ্রুপে পছন্দের ক্রমানুসারে সর্বাধিক ৫টি বিদ্যালয় নির্বাচন করতে পারবে। এছাড়াও সারাদেশে আবেদনকারীরা আবেদনের সময় প্রতিষ্ঠান নির্বাচনকালে থানা ভিত্তিক শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা পাবেন। এক্ষেত্রে প্রার্থীগণ প্রাপ্যতার ভিত্তিতে প্রতিটি আবেদনে সর্বোচ্চ ৫টি বিদ্যালয় পছন্দের ক্রমানুসারে নির্বাচন করতে পারবে। উল্লেখ্য, ডাবল শিফটের প্রতিষ্ঠানের ক্ষেত্রে উভয় শিফট পছন্দ করলে দুটি পছন্দক্রম সম্পন্ন হয়েছে বলে বিবেচিত হবে। একই পছন্দক্রমের বিদ্যালয় কিংবা শিফট দ্বিতীয় বার পছন্দ করা যাবে না। ২০২২ শিক্ষাবর্ষে কেন্দ্রীয় পর্যায়ে অনুষ্ঠেয় ডিজিটাল লটারি কার্যক্রমে সারাদেশের সকল সরকারি মাধ্যমিক স্কুলকে অংশগ্রহণ করতে হবে। তবে উপজেলা পর্যায়ে নতুন জাতীয়করণকৃত যে সকল সরকারি মাধ্যমিক স্কুলের শিক্ষক-কর্মচারীরা এখনও এড-হক নিয়োগ পাননি সে সকল স্কুল কর্তৃপক্ষ অব্যর্থ কারণে অংশগ্রহণ করতে না পারলে, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গঠিত উপজেলা ভর্তি কমিটির মাধ্যমে লটারি প্রক্রিয়ায় শিক্ষার্থী নির্বাচন করে ৩০/১২/২০২১ তারিখের মধ্যে ভর্তির কাজ সম্পন্ন করবেন। শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে লটারির মাধ্যমে শিক্ষার্থী নির্বাচন প্রক্রিয়া নিষ্পন্ন করা ব্যতিত অন্য কোন পরীক্ষা গ্রহণ করা যাবে না। এছাড়া শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক ২০২২ শিক্ষাবর্ষে ১ম শ্রেণিতে ভর্তির জন্য জাতীয় শিক্ষানীতি-২০১০ অনুযায়ী শিক্ষার্থীর বয়স ৬+ বছর নির্ধারণ করা হয়েছে।

এছাড়া, সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে কর্মরত শিক্ষক/শিক্ষিকা/কর্মচারীগণের ভর্তির উপযুক্ত সন্তান সংখ্যার সমসংখ্যক আসন ঐ প্রতিষ্ঠানে সংরক্ষিত থাকবে। এক্ষেত্রে তাঁদের অন-লাইনে আবেদন করার প্রয়োজন নেই। উল্লেখ্য, শিক্ষক/শিক্ষিকা/কর্মচারী সরকারি মাধ্যমিক বালক বিদ্যালয়ে কর্মরত থাকলে এবং তাঁর ভর্তি উপযুক্ত সন্তান বালিকা হলে পার্শ্ববর্তী সরকারি বালিকা বিদ্যালয়ে আসন সংরক্ষিত রাখতে হবে। একইভাবে শিক্ষক/শিক্ষিকা/কর্মচারী সরকারি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে কর্মরত থাকলে এবং তাঁর ভর্তি উপযুক্ত সন্তান বালক হলে পার্শ্ববর্তী সরকারি বালক বিদ্যালয়ে আসন সংরক্ষিত রাখতে হবে। অর্থাৎ সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে কর্মরত শিক্ষক/শিক্ষিকাদের সন্তান ভর্তির যে ২% কোটা নীতিমালায় সংরক্ষিত ছিল তা তুলে দেওয়া হয়েছে।

সারাদেশে সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহে লটারি প্রক্রিয়ায় শিক্ষার্থী নির্বাচন আগামী ১৫/১২/২০২১ খ্রি. অন-লাইনের মাধ্যমে অনুষ্ঠিত হবে। অন-লাইনে আবেদন ফরম পূরণ ও ভর্তি সংক্রান্ত বিস্তারিত নিয়মাবলি [www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd) এর secondary circular/order ও [www.teletalk.com.bd](http://www.teletalk.com.bd) ওয়েবসাইট হতে জানা যাবে।

  
(মোহাম্মদ আজিজ উদ্দিন)  
উপপরিচালক (মাধ্যমিক)

ও

সদস্য সচিব  
ঢাকা মহানগরী সরকারি মাধ্যমিক বিদ্যালয়  
ভর্তি কমিটি

ফোন : ০২-৪১০৫০২৮৩  
[dd-sec@dshe.gov.bd](mailto:dd-sec@dshe.gov.bd)